শেখ হাসিনার নির্দেশ
জলবায়ু সহিষ্ণু
বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়
জলবায়ু পরিবর্তন-২

...

সভাপতি	মোঃ শাহাব উদ্দিন এম.পি. চেয়ারম্যান, ট্রাস্টি বোর্ড ও মন্ত্রী, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়
সভার তারিখ	২৮ জুন, ২০২১ খ্রিষ্টাব্দ
সভার সময়	অপরাহ্ন ০২.৩০ মিনিট
স্থান	ভার্চুয়াল সভা (Zoom Platform)
উপস্থিতি	পরিশিষ্ট-'ক' দ্রষ্টব্য।

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভাপতির অনুমতিক্রমে মন্ত্রণালয়ের জলবায়ু পরিবর্তন অনুবিভাগের অতিরিক্ত সচিব জনাব মোঃ মিজানুল হক চৌধুরী সভার কার্যক্রম শুরু করেন এবং উপসচিব (জলবায়ু পরিবর্তন-২) জনাব মোঃ মাজেদুল ইসলামকে অদ্যকার সভার কার্যপত্র বিস্তারিত উপস্থাপন করার জন্য অনুরোধ জানান। উপসচিব (জলবায়ু পরিবর্তন-২) জানান, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের অধীন বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট (বিসিসিটি) একটি সংবিধিবদ্ধ সংস্থা। জলবায়ু পরিবর্তনের বিরূপ প্রভাব মোকাবেলায় ২০০৯-১০ অর্থবছরে বর্তমান সরকার কর্তৃক জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ড (সিসিটিএফ) গঠিত হওয়ার পর পরবর্তীতে জলবায়ু পরিবর্তন ট্রাস্ট আইন, ২০১০ প্রণয়ন করা হয়। ট্রাস্টের সার্বিক পরিচালনা ও প্রশাসন ট্রাস্টি বোর্ডের ওপর ন্যস্ত এবং ট্রাস্টি বোর্ডকে সহায়তা করার জন্য রয়েছে কারিগরি কমিটি। ট্রাস্টি বোর্ড ও কারিগরি কমিটিতে সাচিবিক দায়িত্ব পালন করছে বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট। ট্রাস্টের নিজস্ব কোনো স্থায়ী অফিস ভবন বা নিজস্ব কোনো জমি নেই। বর্তমানে বিসিসিটি'র কার্যক্রম দিন দিন বৃদ্ধি পাচ্ছে। বর্তমান ও ভবিষ্যতের কথা বিবেচনায় রেখে জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে জলবায়ু পরিবর্তন সংক্রান্ত কাজ এগিয়ে নিতে জরুরিভিত্তিতে বিসিসিটি'র নিজস্ব স্থায়ী অফিস ভবন নির্মাণ/স্থাপন করা প্রয়োজন।

সভায় জানানো হয়, বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্টের (বিসিসিটি) ট্রাস্টি বোর্ডের ৪১তম সভায় বিসিসিটি'র নিজস্ব স্থায়ী অফিস ভবন নির্মাণ/স্থাপনের বিষয়টি আলোচনায় আসে এবং ট্রাস্টের অনুকূলে জমি বরাদ্দের বিষয়ে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ে অনুরোধ জানিয়ে পত্র প্রেরণ হয়। জমির স্বল্পতা ও বরাদ্দযোগ্য খালি জায়গা না থাকার কারণে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় হতে আগারগাঁও প্রশাসনিক এলাকায় জমি বরাদ্দ পাওয়া সম্ভব হয়নি। পরবর্তীতে জানুয়ারি-মার্চ, ২০১৯ সময়ে এ মন্ত্রণালয়ের গৃহীত ১০০ দিনের কর্মসূচি এবং পরবর্তীতে গত ০৭ এপ্রিল, ২০১৯ তারিখ অনুষ্ঠিত ট্রাস্টি বোর্ডের ৫০তম সভায় বিসিসিটি'র স্থায়ী অফিস ভবন স্থাপনের বিষয়ে বিস্তারিত আলোচনা ও সিদ্ধান্ত হয়। সিদ্ধান্তে অন্যান্য বিষয়ের পাশাপাশি বিসিসিটি'র নিজস্ব স্থায়ী অফিস ভবন নির্মাণ/স্থাপনের নিমিত্ত বিএফআইডিসি'র তেজগাঁওস্থ বা মিরপুরস্থ অফিসের জায়গা বরাদ্দের বিষয়টি বিবেচনায় আসে। কিন্তু বাস্তবে এ বিষয়ে কোনো অগ্রগতি হয়নি।

পরবর্তীতে গত ১০ ফেব্রুয়ারি, ২০২১ তারিখ পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় এর মাননীয় মন্ত্রীর সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় কমপক্ষে ২০ (বিশ) কাঠা জমির প্রাপ্যতা অথবা অংশীদারিত্বের ভিত্তিতে অফিস ভবন নির্মাণের বিষয়ে সুপারিশ প্রদানের জন্য মন্ত্রণালয়ের জলবায়ু পরিবর্তন অনুবিভাগের অতিরিক্ত সচিবকে আহ্বায়ক করে একটি কমিটি গঠন করা হয়। গত ২২ মার্চ, ২০২১ তারিখ আহ্বায়ক কমিটির ১ম সভা অনুষ্ঠিত হয় এবং সভায় নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

১। বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট এর নিজস্ব অফিস ভবন তথা 'জলবায়ু ভবন' স্থাপনের নিমিত্ত মিরপুরস্থ বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশন অফিসের নিম্ন তফসিলভুক্ত ৩৪৬.৫২ শতক জমির মধ্যে বিধি মোতাবেক ৩৩ শতক জমিতে 'জলবায়ু ভবন' নির্মাণের বিষয়ে সুপারিশ প্রদানের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। তবে পরবর্তী সভার পূর্বে কমিটির আহ্বায়ক ও সদস্যবৃন্দ মিরপুরস্থ বিএফআইডিসি অফিসের উল্লিখিত জমি সরেজমিন পরিদর্শনপূর্বক জলবায়ু ভবন নির্মাণের প্রস্তাবিত স্থান নির্ধারণ

করবেন।

তফসিল:

মৌজা: মিরপুর হাউজিং (সেনপাড়া পর্ব্বতা), অংশ-১.০০, দাগ নং-শিল্প প্লট আই/৪, জোত নং: ১৭১/৬৪, জমি: ৮০.৫২ শতক;

মৌজা: মিরপুর হাউজিং (সেনপাড়া পর্ব্বতা), অংশ-১.০০, দাগ নং-রোড-১, প্লট-২, জোত নং: ৮৯/১, জমি: ২৬৬ শতক।

পরবর্তীতে গত ১২ এপ্রিল, ২০২১ তারিখ আহ্বায়ক কমিটির ২য় সভা অনুষ্ঠিত হয় এবং সভায় নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

১। বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট এর নিজস্ব অফিস ভবন স্থাপনের নিমিত্ত মিরপুরস্থ বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশনের মালিকানাধীন শিল্প প্লট-আই/৪ দাগের ৮০.৫২ শতক জমির সম্মুখদিকের অংশে ও প্রধান সড়কের পাশে ৩৩ শতক জমিতে 'জলবায়ু ভবন' নির্মাণের জন্য স্থান নির্ধারণ করা যেতে পারে মর্মে সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়;

২। তবে 'জলবায়ু ভবন' নির্মাণের জন্য ৩৩ শতকের অধিক জমির প্রয়োজন হলে চূড়ান্ত অনুমোদনকারী কর্তৃপক্ষ বিষয়টি বিবেচনা করতে পারেন বলে সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

মাননীয় মন্ত্রী আহ্বায়ক কমিটির ২য় সভায় গৃহীত সিদ্ধান্তের আলোকে বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট (বিসিসিটি) এর নিজস্ব অফিস ভবন স্থাপনের নিমিত্ত মিরপুরস্থ বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশনের মালিকানাধীন শিল্প প্লট-আই/৪ দাগের ৮০.৫২ শতক জমির সম্মুখদিকের অংশে ও প্রধান সড়কের পাশে ৩৩ শতক জমিতে 'জলবায়ু ভবন' নির্মাণের জন্য স্থান নির্ধারণের বিষয়টি গত ০৩ জুন, ২০২১ তারিখ অনুমোদন প্রদান করেন।

বিএফআইডিসি'র চেয়ারম্যান জনাব মোঃ ছালাহ উদ্দীন চৌধুরী জানান, বিসিসিটি'র নিজস্ব অফিস ভবন নির্মাণ/স্থাপনের জন্য মিরপুরস্থ বিএফআইডিসি'র প্রস্তাবিত ৩৩ (তেত্রিশ) শতক জমি নিজ অফিসের কাজে ব্যবহারের জন্য প্রয়োজন হবে, বিধায়, বিসিসিটিকে না দেওয়ার জন্য অনুরোধ করেন। তবে মিরপুরস্থ বিএফআইডিসি'র প্রস্তাবিত জমিতে/স্থানে অংশীদারিত্বের ভিত্তিতে বিসিসিটি'র নিজস্ব অফিস ভবন নির্মাণ/স্থাপন করা যেতে পারে বলে মতামত প্রদান করেন। এক্ষেত্রে তিনি মন্ত্রণালয় হতে একটি কমিটি গঠন করে উপযুক্ততা যাচাই-বাছাইপূর্বক ৫০:৫০ শেয়ারের ভিত্তিতে অফিস ভবন নির্মাণের প্রস্তাব করেন।

বিসিসিটি'র পরিচালক (পরিবীক্ষণ ও মূল্যায়ন) জনাব মুঃ খায়রুজ্জামান (উপসচিব) জানান, গণপূর্ত অধিদপ্তরের মতে বিসিসিটি ও বিএফআইডিসি একই মন্ত্রণালয়ের অধীন দু'টি সরকারি প্রতিষ্ঠান হওয়ায় অংশীদারিত্বের ভিত্তিতে অফিস ভবন নির্মাণের কোনো সুযোগ নেই। এ বিষয়ে তিনি গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের অধীন জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের সাথেও কথা বলেছেন। তিনি আরও জানান, অদ্যকার সভায় মিরপুরস্থ বিএফআইডিসি'র প্রস্তাবিত জায়গায় বিসিসিটি'র নিজস্ব অফিস ভবন নির্মাণের বিষয়টি চূড়ান্ত অনুমোদিত হলে পরবর্তীতে বিএফআইডিসি জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের চেয়ারম্যান বরাবর জমি হস্তান্তরের অনুমতির জন্য আবেদন করবেন এবং সংশ্লিষ্ট সাব-রেজিস্ট্রি অফিসে প্রস্তাবিত জমির হস্তান্তর দলিল রেজিস্ট্রি হবে।

বিসিসিটি'র ব্যবস্থাপনা পরিচালক জনাব মাসুদ আহমদ জানান, মিরপুরস্থ বিএফআইডিসি'র মালিকানাধীন ৩৪৬.৫২ শতক জমির মধ্যে বিসিসিটি'র নিজস্ব অফিস ভবন স্থাপনের জন্য মাত্র ৩৩ শতক জমি চাওয়া হয়েছে। বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট মাননীয় প্রধানমন্ত্রীর নিজ হাতে গড়া একটি প্রতিষ্ঠান এবং তিনি UNEP কর্তৃক Policy and Leadership Category-তে Champions of the Earth পুরস্কার অর্জন করেন। মিরপুরস্থ বিএফআইডিসি'র ৩৩ শতক জমিতে বিসিসিটি'র নিজস্ব অফিস ভবন নির্মাণ/স্থাপন করা হলে খুবই দৃষ্টিনন্দন হবে। তিনি প্রস্তাবিত জায়গায় বিসিসিটি'র নিজস্ব অফিস ভবন তথা 'জলবায়ু ভবন' নির্মাণের বিষয়টি সভায় চূড়ান্ত অনুমোদনের প্রস্তাব করেন। এ ছাড়া, অংশীদারিত্বের ভিত্তিতে ভবন নির্মাণ করা হলে আইনগত জটিলতা দেখা দিতে পারে বিধায় তিনি অংশীদারিত্বের পরিবর্তে বিসিসিটি'র মালিকানায় নিজস্ব অফিস ভবন নির্মাণের বিষয়ে মতামত দেন।

জলবায়ু পরিবর্তন অনুবিভাগের অতিরিক্ত সচিব জনাব মোঃ মিজানুল হক চৌধুরী জানান, মাননীয় মন্ত্রীর সভাপতিত্বে গত ১০ ফেব্রুয়ারি, ২০২১ তারিখ অনুষ্ঠিত সভায় বিসিসিটি'র নিজস্ব অফিস ভবন স্থাপনের নিমিত্ত একটি আহ্বায়ক কমিটি গঠন করা হয়। কমিটি মিরপুরস্থ বিএফআইডিসি'র অফিস সরেজমিন পরিদর্শনপূর্বক ৩৩ শতক জমিতে অফিস ভবন নির্মাণের বিষয়ে সিদ্ধান্ত

গ্রহণ করে। বিএফআইডিসি'র প্রস্তাব মতে নতুন করে আর কমিটি গঠনের প্রয়োজন নেই। তিনি অদ্যকার সভায় এ বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত নেওয়ার প্রস্তাব করেন। এ ছাড়া, বিসিসিটি'র নিজস্ব অর্থায়নে বিএফআইডিসিকে ২/৩ টি রাবার গুদাম নির্মাণ করে দেওয়া যেতে পারে বলে মতামত দেন।

পরিবেশ অনুবিভাগের অতিরিক্ত সচিব জনাব মোঃ মনিরুজ্জামান জানান, বিসিসিটি'র Office Building আন্তর্জাতিক মানের Green Building হিসেবে নির্মাণ করতে হবে। এক্ষেত্রে Industrial এলাকায় এ ধরনের ভবন নির্মাণের বিষয়ে কোনো সমস্যা হবে কিনা সেদিকে খেয়াল রাখার পরামর্শ দেন। প্রস্তাবিত স্থানের পাশে জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের আবাসিক ভবন ও অন্যান্য অফিস ভবন থাকায় সেক্ষেত্রে সমস্যা হওয়ার কথা নয় বলে তিনি মতামত দেন। প্রতিষ্ঠান দু'টি একই মন্ত্রণালয়ের অধীন হওয়ায় প্রচলিত আইন অনুযায়ী Land Transfer এর বিষয়টি বাস্তবায়ন করার প্রস্তাব করেন।

গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব জনাব আঃ গাফফার খান জানান, মিরপুরস্থ বিএফআইডিসি'র প্রস্তাবিত জায়গায় বিসিসিটি'র অফিস ভবন নির্মাণ করা যৌক্তিক হবে। কারণ আগারগাঁও প্রশাসনিক এলাকায় বিসিসিটি'র নিজস্ব অফিস ভবন নির্মাণের জন্য জমি বরাদ্দ প্রদানের কোনো সুযোগ নেই।

উন্নয়ন অনুবিভাগের অতিরিক্ত সচিব আহমদ শামীম আল রাজী জানান, বিএফআইডিসি এবং বিসিসিটি একই মন্ত্রণালয়ের অধীন দু'টি প্রতিষ্ঠান, বর্তমান ও ভবিষ্যৎ প্রেক্ষাপট বিবেচনায় জলবায়ু পরিবর্তন বিষয়টি অত্যন্ত গুরুত্বপূর্ণ হওয়ায় প্রস্তাবিত জায়গায় আন্তর্জাতিক মানের 'জলবায়ু ভবন' নির্মাণ করা হলে বিএফআইডিসি'র নান্দনিক সৌন্দর্য বৃদ্ধি পাবে এবং প্রতিষ্ঠানটির গুরুত্ব বেড়ে যাবে। তিনি বিধি মোতাবেক জমি হস্তান্তরের বিষয়ে কৌশল নির্ধারণের জন্য প্রস্তাব করেন।

প্রশাসন অনুবিভাগের অতিরিক্ত সচিব (সচিব এঁর রুটিন দায়িত্ব) জনাব ইকবাল আব্দুল্লাহ হারুন জানান, বিসিসিটি'র নিজস্ব অফিস ভবন নির্মাণের বিষয়টি একটি প্রক্রিয়ার মধ্যে আছে। মিরপুরস্থ বিএফআইডিসি'র প্রস্তাবিত জায়গায় বিসিসিটি'র নিজস্ব অফিস ভবন নির্মাণের বিষয়টি মাননীয় মন্ত্রী অনুমোদন করেছেন। অদ্যকার সভায় এ বিষয়ে দৃঢ় (Compact) সিদ্ধান্ত নেওয়ার জন্য তিনি প্রস্তাব করেন।

সভায় বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশনের মালিকানাধীন প্রস্তাবিত স্থানে বিসিসিটি'র নিজস্ব অফিস ভবন তথা 'জলবায়ু ভবন' নির্মাণ/স্থাপনের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। বিএফআইডিসি এবং বিসিসিসিটি একই মন্ত্রণালয়ের অধীন দু'টি প্রতিষ্ঠান হওয়ায় সভাপতি জলবায়ু পরিবর্তন সংক্রান্ত বর্তমান ও ভবিষ্যৎ প্রেক্ষাপট বিবেচনায় জাতীয় ও আন্তর্জাতিক পরিমন্ডলে কর্মপরিধি বৃদ্ধির বিষয়টি মাথায় রেখে প্রস্তাবিত বিএফআইডিসি'র অব্যবহৃত স্থানে বিসিসিটি'র নিজস্ব অফিস ভবন জরুরিভিত্তিতে নির্মাণ/স্থাপনের বিষয়টি উপস্থাপন করলে উপস্থিত সকল সদস্য এ বিষয়ে একমত পোষণ করেন এবং প্রয়োজনে বিএফআইডিসি'র রাবার সংরক্ষণের জন্য বিসিসিটি'র নিজস্ব অর্থায়নে ০৩ (তিন)টি রাবার গুদাম নির্মাণের বিষয়ে মতামত প্রদান করেন।

সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

১। বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট (বিসিসিটি) এর নিজস্ব অফিস ভবন স্থাপনের নিমিত্ত মিরপুরস্থ বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশনের মালিকানাধীন শিল্প প্লট-আই/৪ দাগের ৮০.৫২ শতক জমির সম্মুখদিকের অংশে ও প্রধান সড়কের পাশে প্রস্তাবিত ৩৩ শতক জমিতে 'জলবায়ু ভবন' নির্মাণের বিষয়ে সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়;

২। বিসিসিটি'র নিজস্ব অফিস ভবন তথা 'জলবায়ু ভবন' নির্মাণের পর অবশিষ্ট অংশে বিএফআইডিসি'র রাবার সংরক্ষণের জন্য বিসিসিটি'র নিজস্ব অর্থায়নে ০৩ (তিন)টি রাবার গুদাম নির্মাণের বিষয়ে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় আর কোনো আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

মোঃ শাহাব উদ্দিন এম.পি.
চেয়ারম্যান, ট্রাস্টি বোর্ড ও মন্ত্রী, পরিবেশ, বন ও
জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়

স্মারক নম্বর: ২২.০০.০০০০.০৮৬.১৮.০০১.২০.১৬৮ তারিখ: ২৫ আষাঢ় ১৪২৮

০৯ জুলাই ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১) সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২) অতিরিক্ত সচিব (সকল), পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৩) ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট, মহাখালী, ঢাকা।

৪) চেয়ারম্যান, বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশন, মতিঝিল, ঢাকা।

৫) মহাপরিচালক, পরিবেশ অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।

৬) যুগ্মসচিব (জলবায়ু পরিবর্তন-১), পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৭) প্রধান বন সংরক্ষক (চলতি দায়িত্ব), বন অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।

৮) উপসচিব (জলবায়ু পরিবর্তন-৩), পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৯) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় (মাননীয় মন্ত্রীর সদয় জ্ঞাতার্থে)।

১০) মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় (মাননীয় উপমন্ত্রীর সদয় জ্ঞাতার্থে)।

১১) সচিবের একান্ত সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় জ্ঞাতার্থে)।

১২) প্রোগ্রামার, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

মোঃ মাজেদুল ইসলাম
উপসচিব